দৈনিক সংবাদ

তারিখ ... 15 AUG 1991 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

94

## শিক্ষা সংগ্রাম কমিটির ঘোষণা

# শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো খুলে দেয়া হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রদের সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি আগামী শনিবার বিশ্ববিদ্যালয়ের হলগুলো খুলে দেয়ার ঘোষণা দিয়েছে। তারা ওই দিন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিজ নিজ হলে ওঠার আহ্বান জানায়।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয় ঘেরাও উপলক্ষে আয়োজিত সমাবেশ থেকে এই ঘোষণা দেয়া হয়। অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে শিক্ষা সংগ্রাম কমিটি ইতিপূর্বে এই ঘেরাওয়ের কর্মসূচী ঘোষণা করে। এ সময় উপাচার্যের কাছে একটি স্মারকলিপিও প্রদান করা হয়।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা আগামী ১৯শে আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করা হবে বলে ছাত্রদের জানান।

সমাবেশে ছাত্রদের পক্ষ থেকে সেলিম রেজা নিউটন, শ, ম ওমর ফারুক, আবদুল আহাদ প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা তীব্র ক্ষোভের সঙ্গে বলেন, জাতীয় সংসদে সন্ত্রাসের প্রশ্নে কোন জরুরী ঐকমত্যে পৌঁছতে সদস্যরা ব্যর্থ হয়েছেন। তারা দুই নেত্রীকে অবিলম্বে নিজেদের মধ্যে

শনিবার : পৃঃ ১২ কঃ ৪

## শনিবার : বিশ্ববিদ্যালয়ের হল খুলবে

(১ম পাতার পর)

বৈঠকে বসে সন্ত্রাসের রাজনৈতিক সমাধান খুঁজে বের করার দাবী জানান। বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ রেখে কখনো সন্ত্রাস বন্ধ করা যায় না। তারা উপাচার্যকে উদ্দেশ করে বলেন, ক্যাম্পাসে সন্ত্রাস দমনের দায়িত্ব আপনার নয়। এ দায়িত্ব পুলিশকেই বহন করতে হবে।

বিশ্ববিদ্যালয় খোলার প্রশ্নে বিভিন্ন মহলের সাথে আলোচনা প্রসঙ্গে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় খোলা রেখেই আলাপ-আলোচনা করতে হবে। তারা বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধের ব্যাপারে নিশ্চিত হওয়ার আশায় বসে থেকে হাজার হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবনকে কিছুতেই ধ্বংসের মুখে ঠেলে দেয়া যায় না।

### কর্মসূচী

আগামী শনিবার হলে ওঠার প্রাক্কালে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে সাধারণ ছাত্রছাত্রীদের সমাবেশ। এর আগে আগামীকাল শুক্রবার বিকেল ৫টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে সাধারণ ছাত্রদের বৈঠক আহ্বান করা হয়েছে।

### উপাচার্যের প্রতিক্রিয়া

সাধারণ ছাত্রদের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলে দেয়ার ব্যাপারে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার কাছে প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি বলেন, ছাত্রদের দাবীকে আমি ইতিবাচক হিসেবেই দেখছি। কিন্তু আমাকেতো নিয়মতান্ত্রিকভাবে কতগুলো পদ্ধতির মধ্য দিয়ে আগাতে হবে। কাজেই আমি হুট করে কিছু বলতে পারি না।

ছাত্ররা হলে উঠতে গেলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাধা প্রদান করবে কি না জানতে চাইলে তিনি বলেন, এসব ব্যাপারে কথা না বলাই ভাল।